চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পরিষ্কার পরিচ্ছন্ন দেয়াল লিখন কার্যক্রমে শিক্ষার্থীরা

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান ও দেয়াল লিখন এবং বিভিন্ন চিত্রের ছবির মাধ্যমে দেওয়ালের সৌন্দর্য ফেরাতে কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৫ আগস্ট) সকাল দশটা থেকে বিকেল চারটা পর্যন্ত হাসপাতাল প্রাঙ্গণের ফুলের বাগানসহ বিভিন্ন স্থানে পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান চালানো হয় এবং নতুন ভবনের নিচের দেয়াল গুলোর সৌন্দর্য বর্ধন ফিরিয়ে আনতে বিভিন্ন ছবির মাধ্যমে রং তুলিতে ফুটিয়ে তোলা হয় দেশের মানচিত্র জাতীয় পতাকা সহ ডাক্তার নার্সদের নিয়ে সুন্দর উক্তি ।

চুয়াডাঙ্গা স্বেচ্ছাসেবী সংগঠন রোভার স্কাউট, সেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধন, রেড ক্রিসেন্ট , বি এন সি সি ও সংযোগ সহ এবং সাধারণ শিক্ষার্থীদের অংশগ্রহণে সকল স্বেচ্ছাসেবকবৃন্দ কাজ করেন পরিষ্কার পরিচ্ছন্ন দেয়াল লিখন ও ছবির আর্ট কর্মসূচিতে।

পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান দেয়াল লিখন ও ছবি আর্ট এর বিষয়ে জানতে চাইলে চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের সিনিয়র রোভার মেট সাকিব বিশ্বাস বলেন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মাধ্যমে বাংলাদেশ সরকারের পতন ঘটেছে। তারই ধারাবাহিকতায় দেশের সকল স্থানের প্রশাসনিক কার্যক্রম দুর্বল হয়ে পড়েছে । দেশের এই ক্রান্তিকাল সময়ে যারা ইতিপূর্বে স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে পরিচিত লাভ করেছে এবং মানুষের পাশে স্বেচ্ছাসেবক হিসেবে যারা কাজ করছে এমন কয়েকটি সংগঠন মিলে আমরা একসাথে কাজ করছি । আর শুধু যে আমরা স্বেচ্ছাসেবী সংগঠনই কাজ করছি এমন নয় আমাদের সাথে সাধারণ শিক্ষার্থীর সহ সাধারণ মানুষও কাজ করছে। হাসপাতালে সকল প্রকার কর্মকান্ড এবং দুর্নীতি রোধ করতে উপদেষ্টা সহ আমর একটা মনিটরিং টিম গঠন করেছি।সেই মনিটরিং টিমের উপদেষ্টা সেচ্ছাসেবকবৃন্দ প্রতি সপ্তাহে হাসপাতালে মনিটরিং কার্যক্রম গুলো করবে। সাথে হাসপাতালের উন্নয়নের স্বার্থেও তারা কাজ করবে। আমরা যারা ইতিপূর্বে স্বেচ্ছাসেবকের কাজ করেছি তারা সব সময় প্রস্তুত আছি

চমৎকার চুয়াডাঙ্গা সদর হাসপাতাল এবং চমৎকার চুয়াডাঙ্গা গড়ার স্বার্থে ।দেশের ট্রাফি সেবা সহ বিভিন্ন সেবাধর্মী কাজ করে চলেছে আমাদের স্বেচ্ছাসেবক ভাই ও বোনেরা।

এ সময় তিনি আরও বলেন, আমরা চাই চুয়াডাঙ্গার অন্যান্য স্বেচ্ছাসেবী সংগঠন সহ সকল শিক্ষার্থী ও সাধারণ মানুষ আমাদের পাশে থাকেন এবং আমাদের কাজে সহযোগিতা করেন। চমৎকার চুয়াডাঙ্গা গড়ার প্রত্যয়ে আমরা দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করেছি এবং সেগুলো প্রতিনিয়ত বাস্তবায়ন করার চেষ্টা চালিয়ে যাবো। আমাদের এই সকল কাজ ধারাবাহিকভাবে চলমান থাকবে।

এ সময় উপস্থিত ছিলেন শাহরিয়ার সিয়াম, সজীবুল ইসলাম, সাফাতুল ইসলাম, তামান্না, ফিরোজ, সামিউল, সৌরভ, মুসফিকুর, আকাশ, মিকাইল, সাদ, তামান্না, রিজিয়া, মাওয়া, সর্ণা, মাহিন, সাদিয়া, সিনিকদিয়া সহ সাধারণ শিক্ষার্থীরা ও সেচ্ছাসেবকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন

ভৈরদ নদে গোভীপুর অংশে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

শনিবার (২২ জুলাই) সকালে মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মাছের পোনা উপমুক্ত করে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক লিউজা-উল জান্নাহ, জেলা মৎস্য কর্মকর্তা রোকনুজ্জামান, সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মো জাকির হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমে ভৈরব নদের গোভীপুর থানার ঘাট ব্রিজ থেকে গোভীপুর মাদ্রাসা পযন্ত পরীক্ষামূলকভাবে সমিতির মাধ্যমে মাছ চাষ করা হবে। নেটিং পদ্ধতির এই মাছ চাষে ভৈরব নদের কচুরিপানা পরিষ্কার করা থেকে শুরু করে সমস্ত ব্যায়ভার সমিতি করবে। এক্ষেত্রে সরকারকে কোন রাজস্ব দিতে হবে না।পরীক্ষামূলকভাবে এই অংশে যদি সুফল বয়ে আনে তাহলে ভৈরব নদের পুরো অংশে একই পদ্ধতিতে মাছ চাষ করা হবে বলে জানানো হয়।

মেহেরপুর জেলা প্রশাসন ও মৎস্য অধিদপ্তরের উদ্যোগ ভৈরব নদে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে চলছে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রম

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে স্বতঃস্ফূর্তভাবে চলছে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রম। সারিবদ্ধ ভাবে লাইন দিয়ে যুবক-যুবতীরা নতুন ভোটার হালনাগাদ কার্যক্রমে অংশগ্রহণ করেন।

জানাগেছে জেলা নির্বাচন অফিস এর আন্ডারে অস্থায়ী নিয়োগে টিম লিডার মিজানুর রহমানের তত্ত্বাবধানে মোট ৮ জন সদস্যের মাধ্যমে চলছে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রম। এই টিমে কাজ করছেন যথাক্রমে- শাকিবুর রহমান, সাউদা, ইকবাল, রকিবুল, ইকরামুল, ইয়ামিন, রাশেদ ও প্রিন্স।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী আনুষ্ঠানিক ভাবে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের সচিব শামীম রেজা সহ সকল ইউপি সদস্য বৃন্দ।

১০ তারিখ সকাল ৮টা থেকে শুরু করে ১৫ তারিখ পর্যন্ত টানা ৬ দিন

চলবে এই কার্যক্রম। ১২ তারিখ ৫ ও ৬ নং ওয়ার্ড, ১৩ তারিখ ৭ নং ওয়ার্ড, ১৪ তারিখ ৮ নং ওয়ার্ড ও ১৫ তারিখে ৯ নং ওয়ার্ডের নতুন ভোটার হালনাগাদ হবে। ১৬ এবং ১৮ তারিখ ওপেন ডে। এই দুই দিন দামুড়হুদা উপজেলার যে সকল নতুন ভোটার বাদ পরেছে তারা অংশ গ্রহণ করতে পারবে।

অর্থাৎ বাদ পড়া সকল ভোটার অংশ গ্রহণ করতে পারবে। প্রথম দিন নারী পুরুষ সহ মোট ৩৬৫ জন নতুন ভোটার হন। এর মধ্যে নারী ১৫৩ জন এবং পুরুষ ২১১ জন। গতকাল ৩৯৭ জন নতুন ভোটার হালনাগাদ হয়। এর মধ্যে নারী ২০৯ জন এবং পুরুষ ১৮৮ জন। গত দুই দিনে নারী পুরুষ সহ মোট ৭৬২ জন নতুন ভোটার হালনাগাদ হয়। এর মধ্যে মোট নারী ৩৬২ জন এবং মোট পুরুষ ৩৯৯ জন।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী বলেন, যুবক-যুবতীরা স্বতঃস্ফূর্তভাবে লাইন দিয়ে নতুন ভোটার হালনাগাদে অংশ গ্রহণ করেন। যতক্ষণ নতুন ভোটার লাইনে ছিল ততক্ষণ কার্যক্রম চলছে সর্বশেষ কার্যক্রম চলছে সন্ধ্যা সাড়ে ৫টা পর্যন্ত।